

প্রশ্ন ৬ ■ রাজনৈতিক ক্ষমতা (political power) কী ?

উত্তর : রাজনৈতিক ক্ষমতা রাজনীতির একটি কেন্দ্রীয় ধারণা। নীতি নির্ধারণ, সিদ্ধান্ত গ্রহণ এবং রাজনৈতিক আচার-আচরণ যে সমস্ত বিষয়ের দ্বারা নিয়ন্ত্রিত ও প্রভাবিত হয় তাদের মাধ্যমে ক্ষমতা হল প্রদান। অ্যালান বার্নেস মতে, রাজনৈতিক ক্ষমতা বলতে বোঝায় শক্তির ভয় দেখিয়ে বা অন্যভাবে অন্যের আচরণকে প্রভাবিত করার সামর্থ্য। এই ভীতি প্রদর্শনের সামর্থ্য যত বেশি ব্যাপক ও কার্যকর হবে, রাজনৈতিক ক্ষমতাও তত বেশি হবে।

প্রশ্ন ৭ ■ তুলনামূলক রাজনীতি সম্পর্কিত কয়েকটি গ্রন্থের নাম লেখো।

উত্তর : তুলনামূলক রাজনীতি সম্পর্কিত কয়েকটি গুরুত্বপূর্ণ গ্রন্থ হল : (1) Representation in Italy (S. Barnes, 1977), (2) Education and Political Development (Coleman, 1965), (3) Political Opposition in Western Democracies (Dahl, ed. 1966), (4) Electoral Change in Advanced Industrial Democracies (Dalton et. al., eds, 1984), (5) Coalitions in Parliamentary Government (Dodd, 1976)।

প্রশ্ন ৮ ■ তুলনামূলক শাসনব্যবস্থা এবং তুলনামূলক রাজনীতির মধ্যে দুটি পার্থক্যের উল্লেখ করো।

উত্তর : (ক) তুলনামূলক শাসনব্যবস্থা রাজনীতিকে পর্যালোচনা করে সংকীর্ণ এবং অ-আনুষ্ঠানিক দৃষ্টিভঙ্গি থেকে; অপরপক্ষে তুলনামূলক রাজনীতি ব্যাপকতর এবং আনুষ্ঠানিক ও অ-আনুষ্ঠানিক দৃষ্টিভঙ্গি নিয়ে রাজনীতির বিচার-বিশ্লেষণ করে।

(খ) তুলনামূলক শাসনব্যবস্থার দৃষ্টিভঙ্গি হল একমুখী (Monographic)। অর্থাৎ এখানে বিশেষ বিশেষ বিষয়কে কেন্দ্র করে সমগ্র আলোচনা আর্ভিত হয়। অন্যদিকে তুলনামূলক রাজনীতি হল বহুবিষয়মুখী (Multi-graphic)। এখানে একই সঙ্গে অনেক বিষয়কে আলোচনার মধ্যে আনা হয়।

প্রশ্ন ৯ ■ তুলনামূলক শাসনব্যবস্থা ও রাজনীতির ক্ষেত্রে ব্যবহৃত পদ্ধতিগুলি উল্লেখ করো।

উত্তর : (ক) পরীক্ষামূলক পদ্ধতি, (খ) পরিসংখ্যানমূলক পদ্ধতি, (গ) তুলনামূলক পদ্ধতি, (ঘ) ক্ষেত্র সমীক্ষামূলক পদ্ধতি (Case Study Method) ইত্যাদি।

প্রশ্ন ১০ ■ হেগ, হ্যারপ ও ব্রেসলিন প্রদত্ত রাজনীতির সংজ্ঞাটি উল্লেখ করো।

উত্তর : হেগ, হ্যারপ ও ব্রেসলিন-এর সংজ্ঞা অনুযায়ী রাজনীতি হল এমন একটি প্রক্রিয়া যার সাহায্যে গোষ্ঠীসমূহ যৌথ সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। এঁদের মতে, রাজনীতি সব সময় দ্বন্দ্ব বা বিরোধের সঙ্গে জড়িত থাকে না। রাজনীতির কাজ হল এমন অবস্থা সৃষ্টি করা যেখানে গোষ্ঠীসমূহ শান্তিপূর্ণভাবে এবং কার্যকরভাবে তাদের লক্ষ্যে পৌঁছাতে পারে। এদিক থেকে রাজনীতি হল একটি গঠনমূলক এবং বাস্তব বিষয়।

১১. আতিসংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নোত্তর

১১. আতিসংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নোত্তর

প্রশ্ন ১ : তুলনামূলক শাসনব্যবস্থা বলতে কী বোঝায় ?

উত্তর : সাধারণভাবে তুলনামূলক শাসনব্যবস্থা বলতে বিভিন্ন দেশের সংবিধান, সরকারের বিভিন্ন বিভাগ, প্রশাসনিক আইনকানুন ইত্যাদির মধ্যে তুলনামূলক আলোচনা বোঝায়। দুসিয়ান পাই বলেছেন, তুলনামূলক শাসনব্যবস্থা বলতে বোঝায় সামসাময়িক বিশ্বের জাতীয় সরকারগুলির ধরন-ধারণ সম্পর্কিত আলোচনা। এডওয়ার্ড ব্রিয়ান বলেছেন, তুলনামূলক শাসনব্যবস্থা বলতে বোঝায় রাজনৈতিক প্রতিষ্ঠানসমূহ এবং সরকারের বিভিন্ন ধরনের মধ্যে তুলনামূলক আলোচনা।

প্রশ্ন ২ : তুলনামূলক রাজনীতি বলতে কী বোঝায় ?

উত্তর : তুলনামূলক রাজনীতি হল একটি রাজনৈতিক ব্যবস্থা ও তার উপ-ব্যবস্থার সঙ্গে সাদৃশ্য ও বৈসাদৃশ্যপূর্ণ অন্যান্য রাজনৈতিক ব্যবস্থা ও তাদের উপব্যবস্থাসমূহের তুলনামূলক আলোচনা ও বিশ্লেষণ। অধ্যাপক রাখহরি চাটার্জির মতে, তুলনামূলক রাজনীতি হল রাষ্ট্রবিজ্ঞানের সেই শাখা যা জাতীয়, প্রাদেশিক ও স্থানীয় সরকারের সংগঠন ও প্রতিষ্ঠানসমূহের এবং সমাজজীবনের অন্যান্য স্তরে অবস্থিত সংগঠনসমূহ ও প্রতিষ্ঠানসমূহ, যেমন রাজনৈতিক দল, শ্রেণি, গোষ্ঠী এবং সম্প্রদায়, স্বার্থরোধী গোষ্ঠী ইত্যাদির, এককথায় সমাজের সমস্ত স্তরে সংঘটিত রাজনৈতিক কার্যবাহিনী/ঘটনাবলি এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া নিয়ে আলোচনা করে।

প্রশ্ন ৩ : তুলনামূলক রাজনীতির দু'জন প্রবক্তার নাম লেখো।

উত্তর : কোলম্যান (Coleman) এবং লিফহার্ট (Lijphart)।

প্রশ্ন ৪ : রাজনৈতিক কার্যকলাপ (Political activity) কী ?

উত্তর : রাজনৈতিক কার্যকলাপ বলতে বোঝায় ক্ষমতার দ্বন্দ্ব লিপ্ত ব্যক্তিবর্গের মধ্যে বিরোধ ও তার মীমাংসা। রাজনীতি বলতে যদি 'মূল্যের কর্তৃত্ব সম্পন্ন বস্তু' -কে বোঝায়, তাহলে 'মূল্য'কে কেন্দ্র করে ক্ষমতায় অধিষ্ঠিত ব্যক্তিবর্গের সঙ্গে সাধারণ জনসাধারণের বিরোধ অনিবার্য। আর এই বিরোধ মীমাংসার কাজই হল রাজনৈতিক কার্যকলাপ।

প্রশ্ন ৫ : রাজনৈতিক কার্যপ্রক্রিয়া (political process) বলতে কী বোঝায় ?

উত্তর : রাজনৈতিক কার্যপ্রক্রিয়া হল রাজনৈতিক কার্যকলাপ সম্পর্কিত ধারণার বর্ধিত রূপ। রাজনৈতিক প্রক্রিয়ায় সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষের ভূমিকা প্রাধান্য পেলেও অন্যান্য বেসরকারি সংস্থাগুলিও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। রাজনৈতিক দল, স্বার্থরোধী গোষ্ঠী প্রভৃতি বেসরকারি সংস্থাগুলি ক্ষমতার দ্বন্দ্ব থেকে মুক্ত করে তাদের নিজস্ব সরকার থাকে এবং নিজ নিজ স্বার্থ রক্ষার জন্য তারা সরকারের ওপর নানাভাবে চাপ সৃষ্টি করে থাকে। এইভাবে একাদিকে বিভিন্ন গোষ্ঠীর মধ্যে এবং অন্যদিকে গোষ্ঠীর সঙ্গে সরকারের মিথস্ক্রিয়া (interaction) চলতে থাকে। রাজনৈতিক কার্যপ্রক্রিয়া বলতে এইসব কিছুকে বোঝায়।